

বাষট্টিতম অধ্যায়

হায়াতুলনবীর চাক্কুস প্রমাণ

প্রসঙ্গ : মসজিদে নববীর সম্প্রসারণ ও রওয়া মোবারককে মসজিদের ভিতরে আনয়ন : হযরত ওমর (রাঃ)-এর পা এবং রাসুলুল্লাহ (দঃ)-এর হাত মোবারক প্রকাশ ।

৮৬ হিজরী সনের ঘটনা :

৮৬ হিজরী সনে উমাইয়া খলিফা ওয়ালিদ ইবনে আবদুল মালিক-এর যুগে মসজিদে নববী দ্বিতীয়বার সম্প্রসারিত হয় । তখন মদিনার গভর্নর ছিলেন হযরত ওমর ইবনে আবদুল আযিয (রাঃ) । তিনি যাজান নামক এক কারিগরের দ্বারা মসজিদে নববীর সম্প্রসারণ কাজ সমাধা করেন । তিনি মসজিদকে পূর্বদিকে সম্প্রসারণ করে রওয়া মোবারককে মসজিদের ভিতরে নিয়ে আসেন ।

সেসময়ে একটি আশ্চর্যজনক ঘটনা ঘটেছিল-রওয়া মোবারকের এক দিকের দেয়াল ঐ সময় ভেঙ্গে যায় । রওয়া মোবারকের ভিতর থেকে একখানা পা মোবারক দৃষ্টিগোচর হয় । উপস্থিত সকলে ভীত ও সন্ত্রস্ত হয়ে পড়লেন এ কথা ভেবে যে, হয়তো বা উহা নবী করিম (দঃ)-এর কদম মোবারক হবে । কিন্তু উপস্থিত হযরত উরওয়াহ ইবনে যোবাইর (রাঃ) অনুসন্ধান করে বললেন- ইহা হযরত ওমর (রাঃ)-এর কদম মোবারক-রাসুলুল্লাহর নয় । সুব্হানাল্লাহ! ২৩ হিজরীতে হযরত ওমর (রাঃ) শহীদ হন । ৮৬ হিজরীতে এসেও তাঁর কদম মোবারক তরতাজা ছিল । মূলতঃ শহীদগণ অমর ।

৫০৯ ও ৫৫৭ হিজরী সনের ঘটনা :

অনুরূপভাবে ৫০৯ হিজরী সালে এবং ৫৫৭ হিজরীতে যথাক্রমে হযরত বড়পীর আবদুল কাদের জিলানী (রাঃ) ও সাইয়েদ আহমদ রেফায়ী (রাঃ) মদিনা শরীফে যিয়ারতকালে তাঁদের ফরিয়াদে জিন্দা নবী রাসুলে করিম (দঃ)-এর ডান হাত মোবারক রওয়া শরীফ থেকে উপরে উঠে আসে এবং তাঁরা হস্ত মোবারক চুম্বন করেন (বাহ্জাতুল আসরার, নুজ্হাতুল খাতির, হুসনুল মাকাসিদ-প্রভৃতি গ্রন্থ) । নবীগণ এবং অলীগণ কবরে যিন্দা থাকেন-তার বাস্তব প্রমাণ উক্ত তিনটি ঘটনা । জালালুদ্দীন সূয়ুতির হুসনুল মাকাসিদ, আবুল হাসান শাত্নুফীর বাহ্জাতুল আসরার ও মোল্লা আলী ক্বারীর নুজ্হাতুল খাতির গ্রন্থের নির্ভরযোগ্যতা সম্পর্কে কারো কোন সন্দেহ থাকতে পারেনা । অধমের রচিত কারামাতে গাউসুল আযম (রাঃ) গ্রন্থে হুযুরের হাত উত্তোলনের আরবী দলীল দেখুন ।